10 JAN 2017

# বন্দরে শিক্ষার্থীদের কাছে সরকারি বই বিক্রির অভিযোগ

**বন্দর (নারায়ণগঞ্জ) প্রতিনিধি**

বন্দরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নিয়ে সরকারি বই বিতরণের অভিযোগ পাওয়া গেছে। প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ৩০ টাকা করে মোট ৬ হাজার ৬৬০ টাকা হাতিয়ে নেয়া হয়েছে বলে জানা গেছে। বন্দরের লাউসার সরকারি প্রাথমিক বিদ্যালয়, আদর্শ শিশু সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোমলমতি শিশুদের কাছে বই বিক্রি করায় স্কুলের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে। তারা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অপসারণ দাবি করেছেন। এ ব্যাপারে শিক্ষার্থীরা জানায়, স্কুলের স্যারেরা বই দেয়ার সময় ৩০ টাকা করে তাদের কাছ থেকে নিয়েছে। উপজেলা থেকে বই আনতে খরচ হয় বলে এ টাকা শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া হয়েছে। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক আতাউর রহমান জানান, তার বিদ্যালয়ে মোট ২২২ শিক্ষার্থী রয়েছে। শিক্ষার্থীদের বসার ক্লাসরুম পর্যাপ্ত না থাকায় ২য় তলার নিচে টিনের বেড়া দিয়ে শিক্ষার্থীদের বসার স্থান করার জন্য এ টাকা নেয়া হয়েছে। এ বিষয়ে ম্যানেজিং কমিটির অনুমোদন আছে কিনা জানতে চাইলে তিনি বলেন ম্যানেজিং কমিটি নতুন হয়েছে। তারা এখন পর্যন্ত স্কুলের কাজে আন্তরিক সহযোগিতা করছেন না। এ ছাড়া স্কুলের বিভিন্ন সমস্যা রয়েছে, যেমন— বেঞ্চ নেই, পানির ব্যবস্থা নেই, টয়লেট নেই। এ সব কাজগুলো করার জন্য মাঝে মধ্যে শিক্ষার্থীদের কাছ থেকে সামান্য টাকা নিয়ে করতে হয়। এ ব্যাপারে বন্দর উপজেলার নির্বাহী কর্মকর্তা মৌসুমী হাবীব বলেন, বই দেয়ার জন্য টাকা নেয়া সম্পূর্ণ অবৈধ। স্কুলে বই দেয়ার নামে টাকা নেয়ার বিষয়টি জেনেছি। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা নিচ্ছি।